দীর্ঘকাল ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই ভাদ্র বুধবার, ১৩৭৫ ইং 21st Aug. 1968 | ১৫শ সংখ্যা





দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার স্ট্রীট, কলিকাতা-১২

এই তো খেলার দিন—
ফুটবল, বুট, এ্যাংক্লেট, হোস্
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৫ই ভাদ্র বুধবার সন ১৩৭৫ সাল।

## ১৯শে আগষ্টের জন্য

--০—

শিক্ষার্থী বিক্ষোভ হালফিল কালের একটি প্রচলিত ঘটনা। ছাত্রদের ধর্মঘট, মিছিল, প্রতিবাদ সভার আয়োজনের মধ্য দিয়া তাঁহারা কোন কোন অন্যায়, অব্যবস্থা প্রভৃতির প্রতিকার দাবী করিয়া থাকেন। তবে অধুনাতম কালে ইহার মাত্রা একটু বাড়িয়াছে। আর তাহা হইতে ছাত্র হস্তে শিক্ষকের দৈহিক নিপীড়নের দিকটি যে এড়ায় না তাহা গত ৮ই জুলাই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল ছাত্র-ছাত্রীদের বিক্ষোভ প্রদর্শনের তাণ্ডবের নমুনায় বুঝা গিয়াছে। মেডিকেল ছাত্র-ছাত্রীরা উপাচার্য ডঃ সত্যেন সেন, সিণ্ডিকেট ও সেনেটের জন কুড়ি সদস্য ও চারিটি মেডিকেল শিক্ষায়তনের অধ্যক্ষদের দীর্ঘকাল বিশ্ববিদ্যালয় ভবনে আটক করিয়াই ক্ষান্ত হন নাই, তাঁহারা বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি নষ্ট করিয়াছেন; অধ্যাপকদের কেহ কেহ ধাক্কাও খাইয়াছিলেন ( মার ? )।

সংবাদ হইতে জানা যায় যে, এই বিক্ষোভ উপাচার্যের অনমনীয় মনোভাবেরই ফলশ্রুতি। উল্লেখিত ছাত্র-ছাত্রীদের দাবী—মেডিকেল পরীক্ষা পিছাইয়া দিতে হইবে। উপাচার্য ডঃ সেন তাহা মানিয়া লইতে অক্ষমতা প্রকাশ করেন। কারণ, ইহা তাঁহার একার মতে হইবার ছিল না। সিণ্ডিকেটে আলোচনাক্রমে ১৯শে আগষ্ট পরীক্ষার দিন ধার্য করা হয়। কিন্তু কোন যুক্তি কি ভাবাবেগের কাছে খাটে ? তাই শুরু হইল হামলা ও লড়াই। ডঃ সত্যেন সেন বরাবরই স্থির হইয়াছিলেন। অবস্থা আয়ত্তের বাহিরে; তথাপি তিনি স্থির ও অবিচল ছিলেন। কিন্তু বিশ্ববিদ্যালয়ের সম্পত্তির বিনাশে এবং অধ্যাপক ও অধ্যক্ষদের তাগিদে তিনি বাধ্য হইয়া পুলিশ ডাকিয়াছিলেন এবং তাহার পর নিজ গৃহে ফিরিতে পারিয়াছিলেন।

অপর পক্ষে মেডিকেল ছাত্রদের দাবী—যেহেতু উক্ত পাঠক্রম সমাপ্ত হয় নাই এবং দুইটি স্তরের মেডিকেল পরীক্ষার ব্যবধান ছয় মাস নাই ( এইরূপই থাকা নাকি উচিত ), অতএব ১৯শে আগষ্ট পরীক্ষা গ্রহণ করা চলিবে না। উপাচার্য যুক্তি দিয়াছেন যে, যেহেতু এই পরীক্ষার দিন সম্পর্কে বিভিন্ন মেডিকেল কলেজের অধ্যক্ষদের সহিত আলোচনার পরিপ্রেক্ষিতে সিণ্ডিকেট সিদ্ধান্ত লইয়াছেন, অতএব এই বিষয়ে, তাঁহার হস্তক্ষেপ চলে না। মেডিকেল কলেজসমূহ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রত্যক্ষ পরিচালনাধীন নহে; সুতরাং তথাকার পাঠ্যক্রম শেষ হইবে কি না তাহা সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষদের দেখিবার বিষয়। যুদ্ধলিপ্সু ছাত্রগণকে হয়ত তাহা বুঝাইতে পারা যায় নাই।

না গেলেও তাঁহারা যে ইতিহাস রচনা করিয়াছিলেন, তাহা নিতান্ত লজ্জার বিষয় এবং তাহা জাতীয় জীবনের একটা বিরাট নৈরাশ্যপূর্ণ চিত্র। যাঁহারা আজ বাদে আগামী কাল ডাক্তার হইয়া বিভিন্ন মানুষের নানা মনোপ্রকৃতির সম্মুখীন হইবেন, অদ্ভুত ধরণের রোগীর অসুস্থ মানসিকতার বিচিত্র পরিবেশের মধ্যে পড়িবেন, তাঁহারা আপনাদের মানসিক সাম্য হারাইয়া ফেলিলে সমাজের পক্ষ হইতে যদি নিন্দাবাদ বর্ষিত হয়, আমরা বিস্মিত হইব না। শিক্ষক-শিক্ষার্থীর মধুর সম্পর্কটুকু আজ দেশের শিক্ষাব্যবস্থায় নির্বাসিত। শিক্ষক ছাত্রের দিকে সন্দিগ্ধ দৃষ্টি দিবেন, আর ছাত্রেরাও আচার্যদের প্রতি তাঁহাদের সম্বন্ধটুকু আরোপ করিবেন না, এ দুর্দৈব বোধ করি, কখনও হয় নাই।

আন্দোলন ও যুদ্ধ সত্ত্বেও ১৯শে আগষ্ট হইতে মেডিকেল পরীক্ষা হইতেছে। তবে কেন এই অশান্তি ? ন্যায়নীতি লইয়া আন্দোলন হউক, আপত্তি নাই। কিন্তু যাঁহারা 'কচি খোকা' নহেন, তাঁহারা যদি শিক্ষকদের প্রতি অশ্রাব্য ও অশ্লীল মন্তব্য করেন বা মারমুখী হইয়া পড়েন, তবে ব্যক্তিগত জীবনে তাঁহারা বয়ঃকনিষ্ঠদের নিকট হইতে কী আশা করেন ? মেডিকেল ছাত্রদের অভিযোগের যৌক্তিকতা প্রতিষ্ঠিত করিবার জন্য যুদ্ধ ছাড়া আরও বহু উপায় ছিল। কিন্তু সে পথে না গিয়া তাঁহারা চণ্ডনীতি প্রয়োগ করিলেন। আগামী দিনের রোগীরা এই সব চণ্ড চিকিৎসকের পাল্লায় পড়িবেন 'শৌনিকে পশবো যথা'।

——

## বিনা আলোতে সাইকেল চালনা

বর্ত্তমানে রঘুনাথগঞ্জ শহরে রাত্রিকালে বিনা আলোতে সাইকেল চালনা রেওয়াজ হইয়া পড়িয়াছে। এই কদভ্যাসের জন্য প্রতি মুহূর্ত্তে বিপদের আশঙ্কা আছে। নিম্নে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ১৯১৬ সালে প্রকাশিত বাই-ল মুদ্রিত হইল। এই বিষয়ে আমরা জঙ্গিপুর মহকুমার সুযোগ্য পুলিশ অফিসার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## ১৯১৬ সালে প্রকাশিত জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর বাই-ল

—•—

যে কোন ব্যক্তি সূর্য্যাস্তের আধ ঘণ্টা পর হইতে সূর্য্যোদয়ের আধ ঘণ্টা পূর্ব্ব পর্য্যন্ত সময়ের মধ্যে নিম্নবর্ণিত আলোক ব্যতীত কোন যান, বাহন ও পাল্কী ইত্যাদি কোন রাস্তায় চালাইতে পারিবেন না:

(ক) প্রত্যেক অশ্বযানের উভয় পার্শ্বে দুইটী সুস্পষ্ট আলোক অবশ্য রাখিতে হইবে।

(খ) প্রত্যেক গো-যানে একটী সুস্পষ্ট আলোক অবশ্য রাখিতে হইবে।

(গ) প্রত্যেক হস্তী, উষ্ট্র কিংবা পাল্কীর সহিত একটী করিয়া সুস্পষ্ট আলোক অবশ্য রাখিতে হইবে।

(ঘ) প্রত্যেক সাইকেলের সম্মুখে একটী করিয়া সুস্পষ্ট আলোক অবশ্য রাখিতে হইবে।

পূর্ণিমা এবং পূর্ণিমার পূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তী চারি রাত্রিতে যদি চন্দ্র সম্পূর্ণরূপে দৃষ্টিগোচর হয় তাহা হইলে সেই সকল রাত্রিতে এই বাই-ল প্রযুক্ত হইবে না। দণ্ড ৫০.০০ পঞ্চাশ টাকা।

## প্রাথমিক পরীক্ষায় বৃত্তি লাভ

গত ১৯৬৭ সালের ২৩শে, ২৪শে ও ২৫শে নভেম্বর মুর্শিদাবাদ জেলার বিভিন্ন কেন্দ্রে প্রাথমিক শেষ পরীক্ষা গৃহীত হয়। উক্ত পরীক্ষায় জঙ্গিপুর মহকুমা হইতে ২টী বালক ও ২টী বালিকা মাসিক তিন টাকা হিসাবে বৃত্তি লাভ করিয়াছে। নিম্নে উহাদের নাম মুদ্রিত হইল।

শ্রীসুপ্রিয় নাথ—রঘুনাথগঞ্জ জি. এস এফ. পি.

জাফরুল্লা সেথ—ধুলিয়ান বয়েজ প্রাইমারী

কুমারী জয়শ্রী দাস মল্লিক
—জিনদীঘি জুনিয়র বেসিক

কুমারী শীলারাণী দাস
—উজ্জলনগর ফ্রি প্রাইমারী

---

## ষ্টেশন মোটর সার্ভিস

পূর্ব্বে রঘুনাথগঞ্জ শহর হইতে জঙ্গিপুর রোড রেল ষ্টেশন পর্য্যন্ত প্রতি ট্রেণে নিয়মিত মোটর বাস চলাচল করিত। কয়েক বৎসর হইতে উহা বন্ধ হইয়াছে। যাত্রিগণের রিক্সা ভিন্ন গত্যন্তর নাই। রিক্সাচালকগণের জুলুম চরমে উঠায় যাত্রিগণ নাজেহাল হইতেছেন। অনেক চালক ভদ্রলোক-দের অসম্মানজনক কথা বলে থাকে। বিভাগীয় কর্ত্তৃপক্ষের নিকট অভিযোগ করিলেও কোন প্রতিকার হয় না। পুনরার ষ্টেশন মোটর সার্ভিস চালু করিবার জন্য জঙ্গিপুরের নবাগত সুযোগ্য মহকুমা-শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

### জঙ্গিপুর
## মিউনিসিপ্যালিটীর ইন্দারা

রঘুনাথগঞ্জ ৫নং ওয়ার্ডে নবনির্ম্মিত তরিতরকারী ও মাছের বাজার সংলগ্ন ইন্দারাটীর প্রতি পৌরপতি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি। পৌরসভার বহু অর্থ ব্যয়ে নির্ম্মিত জলাধারটী বর্ত্তমানে মূত্রাগারে পরিণত হইয়াছে।

ইহার গাত্রে মার্ব্বেল পাথরে ইংরাজীতে লেখা "রিজার্ভড ওয়েল" শব্দগুলি অদ্যাবধি শোভা পাইতেছে।

---

## রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক (বহুমুখী) বালিকা বিদ্যালয়ের
### কার্য্য-নির্ব্বাহক কমিটির পুনর্গঠনকল্পে নির্ব্বাচন অনুষ্ঠানের বিশদ কর্ম্মসূচী

রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক ( বহুমুখী ) বালিকা বিদ্যালয়ের কার্য্য-নির্ব্বাহক কমিটির পুনর্গঠনকল্পে প্রাথমিক (Provisional)—ভোটারগণের তালিকা প্রকাশিত হইবে ২২-৮-৬৮ তারিখে বেলা ১১টায়। তাহা বিদ্যালয়ের নোটিশ বোর্ডে এক সপ্তাহ টাঙ্গান থাকিবে। এ বিষয়ে কাহারও কোন অন্তর্ভুক্তির অনুরোধ বা কোন নামে আপত্তি থাকিলে ২৯-৮-৬৮ তাং বেলা ১১টার মধ্যে লিখিতভাবে বিদ্যালয়ের প্রধানা শিক্ষিকার নিকট জানাইতে হইবে।

চূড়ান্ত ভোটার তালিকা
প্রকাশিত হইবে—৬-৯-৬৮ বেলা ১১টা

মনোনয়ন-পত্র দাখিলের
শেষ তারিখ—১৭-৯-৬৮ বেলা ১১টা

মনোনয়ন-পত্র প্রত্যাহারের
শেষ তারিখ—১৮-৯-৬৮ বেলা ৩টা

মনোনয়ন-পত্রের সমীক্ষা (Scrutiny)
হইবে—১৯-৯-৬৮ বেলা ৩টা

নির্ব্বাচন—২২-৯-৬৮

স্থান—রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক ( বহুমুখী ) বালিকা বিদ্যালয়

বেলা—৮টা হইতে ১২টা
এবং বেলা—১টা হইতে ৪টা

শ্রীশকুন্তলা চৌধুরী, প্রধানা শিক্ষিকা
রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক ( বহুমুখী )
২০-৮-৬৮ বালিকা বিদ্যালয়

---

## ভাগীরথী বক্ষে ৭২ কি, মি সন্তরণ
### এশিয়ার বৃহত্তম সন্তরণ প্রতিযোগিতা

মুর্শিদাবাদ সন্তরণ সংস্থা পরিচালিত গঙ্গাবক্ষে ৭২ কি, মি সন্তরণ প্রতিযোগিতা আগামী ১লা সেপ্টেম্বর '৬৮ তারিখে অনুষ্ঠিত হইবে। ২১শে আগষ্ট ১৯৬৮ মধ্যে ৩০·০০ ত্রিশ টাকা ফি সহ যুগ্ম-সম্পাদকের সহিত যোগাযোগ করুন।

---

## নিলামের ইস্তাহার
### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই সেপ্টেম্বর, ১৯৬৮
১৯৬৮ সালের ডিক্রীজারী

৬ মনি ডিঃ হাবিবুর রহমান সেথ দেং হাবিবুর রহমান সেথ দাবি ১৯৭·৭০ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোটকালিয়াই মধ্যে ১৪ শতক জমির কাত ২॥৵০ তন্মধ্যে ।০ আনা অংশে ৩॥০ শতক পরতামত কাত ॥৵৬ তদুপরিস্থিত গৃহাদি মায় টাইল, ইট, কাঠ, চৌকাট, কপাট ইত্যাদি নওয়া জিম্মাসহ থং ৫৮৫ আঃ ১৫০৲

নিলামের দিন ১১ই নভেম্বর, ১৯৬৮
১৯৬৮ সালের ডিক্রীজারী

২ মনি ডিঃ অমরচাঁদ অঞ্চলিয়া ফার্ম পান্নালাল বয়েদ অমরচাঁদ দেং জোহরীলাল বয়েদ ফার্ম কালুরাম জোহরীলাল দাবি ৪৩৩৩·৯০ পয়সা থানা সুতি মৌজে ইচলিপাড়া ৩ শতক জমির কাত ৭/৬ পাই তদুপরিস্থিত পাকা দোকান ঘর ইট, বরগা, কপাট চৌকাট নওয়া জিম্মা ইত্যাদি সহ আঃ ২৫০০৲ থং ১৩৩১

---

## জঙ্গিপুরে স্বাধীনতা দিবস

গত ১৫ই আগষ্ট বৃহস্পতিবার রঘুনাথগঞ্জ জঙ্গিপুর শহরে ও মহকুমার সর্ব্বত্র স্বাধীনতা দিবস অনুষ্ঠিত হইয়াছে। স্থানীয় সরকারী অফিস-সমূহে, মহা-বিদ্যালয়ে, সমস্ত বিদ্যালয়ে, মিউনিসিপ্যাল অফিসে, বিশিষ্ট জনসাধারণের বাসভবনে ও শাঁসালো ব্যবসায়ী প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলিত হয়।

পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও জন সংযোগ বিভাগ কর্ত্তৃক স্থানীয় 'ছায়াবাণী' সিনেমায় রঘুনাথগঞ্জের বাজারপাড়া প্রাইমারী, ভাগীরথী অবৈতনিক বিদ্যালয়, মিউনিসিপ্যাল বয়েজ ফ্রি প্রাইমারী, রঘুনাথগঞ্জ নিম্ন প্রাইমারী ও হায়ার সেকেণ্ডারী বালিকা বিদ্যালয় ও পার্শ্ববর্ত্তী আইলের-উপর প্রভৃতি বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণকে বিভাগীয় চিত্রাদি প্রদর্শন করা হয়।








বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

আমলা কেশ

(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ)

জবাকুসুম হাউস, কলিকাতা-১২



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্রান্ত ঔষধালয়ে পাইবেন

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা,

প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)